



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

পীরগঞ্জ সরকারি কলেজ

পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

Website: www.pirganjgc.edu.bd; Email: pgc_net@yahoo.com, c3509@nu.ac.bd; EINN: 128965

অধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩১৮৪, মোবাইল: ০১৭৪০৪৭৩৪৯৩, ০১৩০৯১২৮৯৬৫; উপাধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩২০২

বিজ্ঞপ্তি নং: ২৬০

তারিখ : ২০/০৫/২০২৬

স্নাতক (পাস) ১ম বর্ষ ও সমমান পর্যায়ে উপবৃত্তির আবেদন এন্ড্রির বিজ্ঞপ্তি ২০২৬


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক স্নাতক (পাস) ২০২৩-২৪ (ডিগ্রী ১ম বর্ষ) শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধাদি প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সূচি ও নির্দেশনা অনুসারে শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে <https://estipend.pmeat.gov.bd> সফটওয়্যারে আবেদন আহবান করা যাচ্ছে :

তারিখ ও সময়:

স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষের (ডিগ্রী ১ম বর্ষ) শিক্ষার্থীদের <https://estipend.pmeat.gov.bd> সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে আবেদন করার তারিখ ও সময় ২০ মে ২০২৬ খ্রি. থেকে ৯ জুন ২০২৬ খ্রি. পর্যন্ত।

উপবৃত্তি প্রাপ্তির শর্তাবলি:

- স্নাতক ও সমমান পর্যায়ে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে;
- শ্রেণিকক্ষে কমপক্ষে ৭০% উপস্থিতি থাকতে হবে;
- শিক্ষার্থীকে পূর্বের পরীক্ষার প্রকাশিত ফলাফলে শতকরা ন্যূনতম ৬০ ভাগ নম্বর প্রাপ্ত/জিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫ সিজিপি প্রাপ্ত হতে হবে;
- পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ২ (দুই) লক্ষ টাকার কম হতে হবে;
- প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ১৩ থেকে ২০তম গ্রেডের সকল কর্মচারীর সন্তান উপবৃত্তি প্রাপ্তির যোগ্য বিবেচিত হবে; এবং
- বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, তৃতীয় লিঙ্গের শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এবং দুস্থ পরিবারের সন্তান উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।
- উল্লেখ্য, উপবৃত্তি প্রদানের নিমিত্ত শিক্ষার্থী নির্বাচনের লক্ষ্যে সফটওয়্যারে তথ্য এন্ড্রির ক্ষেত্রে শিক্ষার্থীদের আবেদন ফরমে শিক্ষার্থী/পিতা/মাতার একাউন্ট নম্বর হিসাবে ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এর আওতাধীন ডাক অধিদপ্তরের সাথে চুক্তিবদ্ধ মোবাইল একাউন্ট নম্বর এন্ড্রি করতে হবে।


(প্রফেসর মোঃ বদরুল হুদা)

অধ্যক্ষ

পীরগঞ্জ সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

